



ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ

ঢাকা কেন্দ্র, শহীদ প্রকৌশলী ভবন, আইইবি সদর দফতর, রমনা, ঢাকা-১০০০।
ফোন: ০২২২৩৩৮৭৮৫৫, ০১৭৮৯৭৯৬০৭৬, E-mail: info.iebdc@gmail.com, Web: iebconvention.org



আইইবি, ঢাকা কেন্দ্রের তত্ত্বাবধানে আয়োজিতব্য আইইবি'র ৬০তম কনভেনশন আগামী ১১-১৬ মে ২০২৩ খ্রি. অনুষ্ঠিত হওয়া সম্পর্কে অবহিতকরণ

মহোদয়,
আসসালামু আলাইকুম।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইইবি'র ৬০তম কনভেনশন আগামী ২৩-২৮ ফেব্রুয়ারী ২০২৩ খ্রি. অনুষ্ঠিত হবার কথা থাকলেও অনিবার্য কারণবশত: কনভেনশন আয়োজন করা সম্ভবপর হচ্ছেনা। এজন্য আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটি ও কাউন্সিলের পক্ষ থেকে আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি।

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে আগামী ১৩ মে ২০২৩ খ্রি. মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি কনভেনশনের শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। সে প্রেক্ষিতে আইইবি'র ৬০তম কনভেনশনের অনুষ্ঠানসূচী পূর্বের সিডিউল অনুযায়ী আগামী ১১-১৬ মে ২০২৩ খ্রি. ০৬ দিনব্যাপী অনুষ্ঠিত হতে যাচ্ছে। iebconvention.org ওয়েবপেইজে কনভেনশনের অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে। একইসাথে আইইবি, ঢাকা কেন্দ্রের অফিস কক্ষে দুপুর ০২:০০ মিনিট থেকে রাত ০৯:০০ মিনিট পর্যন্ত (শুক্রবার ও সরকারী ছুটির দিন ব্যতিত) আগামী ১৮ই এপ্রিল ২০২৩ খ্রি. এর মধ্যে কনভেনশনের নিবন্ধন সম্পন্ন করতে হবে।

এমতাবস্থায়, আইইবি'র ৬০তম কনভেনশন পরিবর্তিত তারিখে (১১-১৬ মে ২০২৩ খ্রি.) সুষ্ঠু ও সফলভাবে আয়োজনে আপনিসহ আপনার প্রতিষ্ঠানের প্রকৌশলীবৃন্দের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,



প্রকৌশলী কাজী খায়রুল বাশার
সম্মানী সম্পাদক, আইইবি, ঢাকা কেন্দ্র ও
সদস্য-সচিব, প্রস্তুতি কমিটি, ৬০তম কনভেনশন, আইইবি